গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৪৫৭ তারিখ: ২৩/১২/২০২১ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অংশীজনের একটি সভা ২৩/১২/২০২১ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ভার্চুয়াল প্লাটফর্ম জুম ব্যবহার করে অনুষ্ঠিত হয়। সভার উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট ক তে) । সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে পরিচালক প্রশিক্ষণ মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন। পরিচালক মহোদয় বলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ০৪ টি অংশীজন সভার মধ্যে আজকে দ্বিতীয় সভা। সভার কার্যসুচী অনুযায়ী সভার সদস্যদের বিস্তারিত আলোচনার আহবান জানান।

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবা	পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় সভায় উপস্থিত সদস্যদের বলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে থাকে।মাউশি অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মানোন্নয়নের জন্য সভায় উপস্থিত সদস্যদের মতামত কামনা করেন। সভায় উপস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক পরিচালক মহোদয় বলেন তিনি বিভিন্ন সময় তার অঞ্চলের অধ্যক্ষ মহোদয়দের সাথে মতবিনিময় করেন। অধ্যক্ষ মহোদয়গণ প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অনুভব করেন। তিনি আরো বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনায় অনেক অনেক নতুন নতুন বিষয় যুক্ত হয়েছে এবং অনেক বিষয় পরিবর্তিত হয়েছে সুতরাং অধ্যক্ষ মহোদয়গণ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স আয়োজন করার প্রস্তাব করেন। পরিচালক প্রশিক্ষণ মহোদয় বলেন এই অর্থবছরের প্রশিক্ষণের বাজেট অর্থ মন্ত্রণালয় হতে ছাড় হয়েছে এই অর্থবছরে রিফ্রেশার্স প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করা হবে। বেসরকারি বিদ্যালয় প্রতিনিধি সভায় বলেন বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদের জন্য এ.সি.আর সিস্টেম চালু করার প্রস্তাব পেশ করেন।	১. ২০২২-২০২৩ অর্থবছরে মাঠ পর্যায়ের দপ্তর প্রধানদের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ আয়োজন করা হবে।	প্রশিক্ষণ উইং
২.	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম অগ্রগতি সংক্রান্ত	সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) সভার উদ্দেশ্য বলেন মাঠপর্যায়ের ০৯ টি অঞ্চলের মধ্যে ০৭ টি অঞ্চল প্রথম ত্রৈমাসিক অগ্রগতির পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করেছেন এবং প্রমানক জমা দিয়েছেন। খুলনা এবং চট্টগ্রাম অঞ্চল যথাযথভাবে অগ্রগতি প্রতিবেদন জমা দেননি। পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় খুলনা এবং চট্টগ্রাম অঞ্চলকে যথাযথভাবে	২.সকল অঞ্চলের আঞ্চলিক পরিচালকগণ যথাসময়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন এবং যথাযথভাবে প্রমানক সংরক্ষণ করবেন।	

		প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন জমা দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। সকল অঞ্চলের আঞ্চলিক পরিচালক মহোদয়গণকে সময়মত অগ্রগতি প্রতিবেদন প্রদান এবং যথাযথভাবে প্রমানক সংগ্রহরে জন্য নির্দেশনা প্রদান করেন।		
৩.	বিবিধ	ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক পরিচালক মহোদয় বলেন আঞ্চলিক কার্যালয় সমূহকে নিয়মিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি,জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রতিবেদন সহ নানাবিধ নোটিশ ওয়েবসাইটে আপলোড করতে হয়।কিন্তু আঞ্চলিক পরিচালক কার্যালয়ের কোন ওয়েবসাইট নাই। ইতোপূর্বে এই বিষয়টি নিয়ে বারংবার বলা হয়েছে।অদ্যবধি আঞ্চলিক কার্যালয়ের কোন ওয়েবসাইট তৈরি হয়নি। পরিচালক প্রশিক্ষণ আঞ্চলিক কার্যালয়সমূহের ওয়েবসাইট এর প্রয়োজনীয়তার গুরুত্ব আমলে নিয়ে ই.এম.আই.এস সেলকে ওয়েবসাইট তৈরির ব্যবস্থাগ্রহণের জন্য পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেনে। সভার সদস্যগণ এই বিষয়ে একমত পোষণ করেন।	১.আঞ্চলিক কার্যালয়সমূহের জন্য ওয়েবসাইট তৈরির জন্য ই.এম.আই.এস সেলকে পত্র প্রদান	সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৪৫৭ তারিখ: ২৩/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২.পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩.পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক (মনিটরিং ও ইভ্যালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬.পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. আঞ্চলিক পরিচালক সকল অঞ্চল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮. আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) সকল অঞ্চল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা।
৯. থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল থানা)
১০. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১১.সংরক্ষণ নথি

২৩/১২/২১
(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা